## শিশু ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য শিশু দিবাযত্ন কেন্দ্রের কর্মচারীদের বারবার জিজ্ঞাসিত কিছু সাধারন প্রশ্নাবলী

**প্রশ্ন ১:** আপনাদের শিশু সেবা কাদের জন্য?
**উত্তরঃ** সকল কর্মজীবী মায়েদের শিশুদের ।

**প্রশ্ন ২:** আপনাদের আসন সংখ্যা কত?
**উত্তরঃ** ৬০ জন।

**প্রশ্ন ৩:** আপনাদের কী আসন শূন্য আছে?
**উত্তরঃ** হ্যাঁ ,আমাদের কিছু কেন্দ্রে আসন ফাঁকা আছে। আপনি নিম্নোক্ত লিংকে দেখে নিতে পারেন আপনার কাংঙ্খিত কেন্দ্রটিতে আসন শূন্য আছে কিনা..............................................

**প্রশ্ন ৪:** আপনাদের কি কোন অপেক্ষমান তালিকা আছে কিনা এবং এটা কত বড়?
**উত্তর:** হ্যাঁ, আপনি নিম্নোক্ত লিংকে দেখে নিতে পারেন আপনার কাংঙ্খিত কেন্দ্রটিতে আসন শূন্য আছে কিনা।

**প্রশ্ন ৫:** আপনাদের ভর্তি ফি আছে কিনা? যদি থাকে তা কত?
**উত্তরঃ**না। তবে ধানমন্ডি, মতিঝিল, নির্বাচন কমিশন সচিবালয় ডে-কেয়ার সেন্টারে ভর্তি ফি বাবদ ২৫০ টাকা নেওয়া হয়।

**প্রশ্ন ৬:** আপনাদের কি ভর্তি ফি ছাড়া অন্য কোন ফি আছে?
**উত্তরঃ** ধানমন্ডি, মতিঝিল, নির্বাচন কমিশন সচিবালয় ডে-কেয়ার সেন্টারে মাসিক বেতন বাবদ ৫০০/- টাকা এবং অন্যান্য ১৭ টি সেন্টারে মাসিক বেতন বাবদ ৫০/- টাকা করে নেওয়া হয়।

**প্রশ্ন ৭:** শিশুকে দিনের কত সময় পর্যন্ত কেন্দ্রে রাখা যাবে?
**উত্তরঃ** সকাল ৮.০০ টা হতে সন্ধ্যা ৬.৩০ ঘটিকা পর্যন্ত শিশুকে সার্বক্ষনিক সেবা প্রদান করা হয়।

**প্রশ্ন ৮:** শিশুকে কেন্দ্রে দিয়ে যাওয়া ও নিয়ে যাওয়ার সময়সূচীর ব্যাপারে আপনারা কতটা নমনীয়?
**উত্তরঃ** যেহেতু কেন্দ্রে প্রতিটি শিশুর জন্য খাবার রান্না করা হয় কাজেই শিশুর গ্রহণের সময়টি সুনির্দিষ্ট, তবে প্রস্থানের ক্ষেত্রে অভিভাবকগণ তাদের সুবিধামত সময়ে শিশুকে নিয়ে যেতে পারবেন। এক্ষেত্রে সর্বশেষ সময়সুচী সন্ধ্যা ৬.০০ পর্যন্ত।

### স্বাস্থ্য ও নিরাপত্তাঃ

**প্রশ্ন ১:** আপনারা কিভাবে শিশুর স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করেন?
**উত্তরঃ** পুষ্টিকর খাবার ও বিশুদ্ধ পানি প্রদান, বিশ্রামের উপযুক্ত পরিবেশ, পরিস্কার-পরিচ্ছন্নতা, শিশুর বয়স অনুযায়ী মানসিক স্বাস্থ্য পরীক্ষা এবং শারীরিক ওজন-উচ্চতা রেকর্ড ও পর্যবেক্ষণের মাধ্যমে শিশুর স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করে থাকি।

**প্রশ্ন ২:** আপনাদের কেন্দ্রে শিশুদের ঘুমানোর জন্য কী ব্যবস্থা রয়েছে?
**উত্তরঃ** আমাদের কেন্দ্রে রয়েছে শিশুদের উপযোগী বিশ্রাম কক্ষ ও উন্নতমানের ম্যাট্রেস ,বালিশ, মশারি, কম্বল।

**প্রশ্ন ৩:** এখানে শিশুর নিরাপত্তার জন্য কি কি ব্যবস্থা আছে?
**উত্তর:** সার্বক্ষণিক নিরাপত্তা প্রহরী, সিসি ক্যামেরা, নিরাপদ ফটক, অগ্নিনির্বাপক যন্ত্র, প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম ও দক্ষ জনবলের মাধ্যমে শিশুর নিরাপত্তার নিশ্চিত করে থাকি।

**প্রশ্ন ৪:** যেসব শিশুদের অ্যালার্জি আছে তাদের জন্য আপনারা কী কী ব্যবস্থা নিয়ে থাকেন?
**উত্তরঃ** আমরা শিশু ভর্তির সময় অভিভাবকের নিকট জেনে নেই শিশুর বিশেষ কোন খাদ্যে বা শিশুর অ্যালার্জি জনিত কোন সমস্যা আছে কিনা এবং এজন্য কোন নির্দিষ্ট ঔষধ গ্রহন করে কিনা। এধরনের শিশুর ক্ষেত্রে আমরা মা-বাবার দেয়া দিক-নির্দেশনাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকি। সংক্রামক রোগের ক্ষেত্রে আমাদের সুনির্দিষ্ট স্বাস্থ্য বিধি অনুসরণ করে থাকি।

## খাদ্য ও পুষ্টিঃ

**প্রশ্ন ১:** আপনারা কী কেন্দ্র থেকে কোন খাদ্য প্রদান করে থাকেন?
**উত্তর:** হ্যাঁ, আমরা তিন বেলা প্রশিক্ষিত কুক দ্বারা পুষ্টি গুন বজায় রেখে রান্না করা সুষম খাবার দিয়ে থাকি।

**প্রশ্ন ২:** খাবার গুলো কী কেন্দ্রেই রান্না করা হয়? না কিবাইরে থেকে আনা হয়?
**উত্তরঃ** প্রশিক্ষন প্রাপ্ত কুক , স্বাস্থ্য শিক্ষিকার তত্বাবধানে স্বাস্থ্য সম্মত পরিবেশে রান্না করে শিশুদের দিয়ে থাকি।

**প্রশ্ন ৩:** এখানে কী শিশুদের কোন বিশেষ খাদ্যে নিষেধাজ্ঞা রয়েছে? (যেমন, এলার্জি সৃষ্টিকারী কোন খাবার)
**উত্তরঃ** হ্যাঁ , আমরা আমাদের খাদ্য তালিকা এমনভাবেই নির্দিষ্ট করেছি যা সকল শিশুর জন্যই সহজ পাচ্য ও স্বাস্থ্যকর।

**প্রশ্ন ৪:** আপনারা বিশুদ্ধ পানি কিভাবে নিশ্চিত করে থাকেন?
**উত্তরঃ** আমাদের রয়েছে অত্যাধুনিক ইলেকট্রিক পানি বিশুদ্ধকরন ফিল্টার।

**প্রশ্ন ৫:** আপনাদের কী ব্রেস্ট ফিডিং কর্ণার রয়েছে?
**উত্তরঃ** আমাদের রয়েছে নিরিবিলি ব্রেস্ট ফিডিং কর্ণার।

**প্রশ্ন ৬ :** বুকের দুধ সংরক্ষনের জন্য কোন ব্যবস্থা আছে কি?
**উত্তরঃ** হ্যাঁ, বুকের দুধ সংরক্ষনের জন্য রেফ্রিজারেটর রয়েছে। সকালে শিশুকে গ্রহনের সময় শিশুর নাম সম্বলিত ট্যাগ বোতলে লাগিয়ে রেফ্রিজারেটরের পৃথক চেম্বারে রাখা হয় এবং মায়েদের দেয়া দিক-নির্দেশনা অনুযায়ী শিশুকে খাওয়ানো হয়।

## শিক্ষা ও খেলাধুলাঃ

**প্রশ্ন ১:** সারাদিন আপনার কেন্দ্রে আমার শিশুটি কী করবে?
**উত্তরঃ** আমাদের রয়েছে বয়স অনুযায়ী সুনির্দিষ্ট শিক্ষা কারিকুলাম, খেলাধুলা ও চিত্ত বিনোদনের ব্যবস্থা যা সুদক্ষ কর্মীদের দ্বারা পরিচালিত হয়।

**প্রশ্ন ২ :** শিশুদের খেলাধুলার জন্য কী কী সামগ্রী আপনাদের রয়েছে?
**উত্তরঃ** আমাদের রয়েছে রকিং হর্স, স্টিলের দোলনা, বল' সহাউস, ইয়োইয়ো ফিশ, রাইডিং বোট, স্লিপার ,ক্যারাম বোর্ড, বাস্কেট বল স্ট্যান্ড ও রঙ বেরং এর বয়স উপযোগী বিভিন্ন খেলনা।

**প্রশ্ন ৩**: শিশুদের খেলাধুলার জন্য পর্যাপ্ত জায়গা আছে কী?
**উত্তরঃ** আমাদের ইনডোর খেলাধুলার জন্য জায়গা রয়েছে কিন্তু আউট ডোর খেলার ব্যবস্থা আপাতত নেই।

**প্রশ্ন ৪:** শিশুদের শারীরিক অনুশীলনের কোন ব্যবস্থা আছে কিনা ?
**উত্তরঃ** হ্যাঁ, প্রতিদিন সকালে রুটিন মাফিক শিশুদের শরীর চর্চা করানো হয় এবং যোগ ব্যায়ামের ব্যবস্থা রয়েছে।

**প্রশ্ন ৫**: বিভিন্ন দিবস ও সাংস্কৃতিক অনুষ্ঠান পালনের কী ব্যবস্থা রয়েছে?
**উত্তরঃ** বিভিন্ন জাতীয় দিবস গুলোতে যেমন: শহীদ দিবস, শিশু দিবস, শিশু সপ্তাহ ,স্বাধীনতা দিবস, বিজয় দিবসে চিত্রাঙ্কন, আবৃত্তি, ছড়া, নাচ,গান প্রতিযোগিতার আয়োজন করে শিশুদের নিজেদের অধিকার ও দিবসের তাৎপয সম্পর্কে জানানো হয় এবং বিশেষ খাবার প্রদান করা হয়। এছাড়াও কেন্দ্রে শিশুদের জন্মদিন কেক কেটে আনন্দ মুখর ভাবে উদযাপন করা হয়।

**প্রশ্ন ৬**: আপনারা শিশুর প্রারম্ভিক বিকাশের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করে থাকেন?
**উত্তরঃ** আমরা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম-২০১১ এবং কানাডা, অস্ট্রেলিয়াসহ ইউরোপের বিভিন্ন দেশের প্রাক- প্রারম্ভিক শিক্ষা-পদ্ধতি পযালোচনা করে একটি বয়স ভিত্তিক প্রারম্ভিক শিক্ষার কারিকুলাম তৈরি করেছি যেখানে শিশুর সর্বোত্তম বিকাশ কে প্রাধান্য দেয়া হয়েছে।

## সেবাপ্রদানকারী ও প্রশিক্ষিত জনবল

**প্রশ্ন ১:** স্টাফ ও সেবা প্রদানকারীদের কী কী যোগ্যতা বা প্রশিক্ষণ রয়েছে?
**উত্তরঃ**

| কর্মচারী | সাধারন শিক্ষার স্তর | প্রশিক্ষণের বিষয়বস্তু |
|---|---|---|
| ডে-কেয়ার অফিসার | মাস্টার্স | ডে-কেয়ার সেন্টার পরিচালনা, শিশু ব্যবস্থাপনা, অফিস ব্যবস্থাপনা ও কম্পিউটার পরিচালনা। |
| স্বাস্থ্য শিক্ষিকা | প্যারামেডিকেল অথবা নার্সিং ডিপ্লোমা | শিশুর শারীরিক ও মানসিক বিকাশ বিষয়ক প্রশিক্ষণ। |
| শিক্ষিকা | এইচএসসি পাশ ও কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন। | শিশুর প্রারম্ভিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ। |
| আয়া | অষ্টম শ্রেণী পাশ | শিশুর প্রারম্ভিক বিকাশের বিভিন্ন পর্যায়ের যত্ন বিষয়ক প্রশিক্ষণ। |
| কুক | অষ্টম শ্রেণী পাশ | খাদ্যের পুষ্টিগুন বজায় রেখে রান্না বিষয়ক প্রশিক্ষন। |
| নিরাপত্তা প্রহরী | অষ্টম শ্রেণী পাশ | শিশুদের নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ। |
| পরিচ্ছন্নতাকর্মী | পঞ্চম শ্রেণী পাশ | পরিষ্কার পরিচ্ছন্নতা ও জীবানুমুক্ত পরিবেশ বিষয়ক প্রশিক্ষণ। |

**প্রশ্ন২:** আপনারা সপ্তাহে কয় দিন সেবা দিয়ে থাকেন?
**উত্তরঃ** আমরা সপ্তাহের ০৫ দিন সেবা দিয়ে থাকি। এছাড়া ও সরকারি অন্যান্য ছুটির দিনগুলোতে আমাদের কেন্দ্রগুলো বন্ধ থাকে।

**প্রশ্ন ৩:** প্রাথমিক চিকিৎসা সেবা দেওয়ার জন্য আপনাদের কী কী ব্যবস্থা রয়েছে?
**উত্তরঃ** আমাদের রয়েছে একজন দক্ষ ও প্রশিক্ষিত স্বাস্থ্য শিক্ষিকা যিনি নিম্নোক্ত বিষয়গুলো লক্ষ্য রাখেনঃ

- তাৎক্ষনিক প্রাথমিক চিকিৎসার ব্যাপারে সিদ্ধান্ত প্রদান
- ইপিআই টিকাদান নিশ্চিতকরন
- নিয়মিত শিশুদের মানসিক স্বাস্থ্য পযবেক্ষন ও পরীক্ষণ করে থাকেন।
- শিশু বিশেষজ্ঞ ,মনোবিজ্ঞানী ও মনোচিকিৎসকদের সাথে নিয়মিত যোগাযোগ রেখে থাকেন।